

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭০৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ উরু ঢেকে রাখার নির্দেশ, কেননা উরু আওরাত বা আবশ্যক আবরণীয় অঙ্গের অন্তর্ভুক্ত

ذِكْرُ الْأَمْرِ بِتَغْطِيَةِ فَخِذِهِ إِذِ الْفَخِذُ عَوْرَةٌ

আরবী

1707 _ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّدِ بْنِ أَبِي مَعْشَرِ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ الصَّوَّافُ قَالَ: حَدَّثَنَا أَبُو عَاصِمٍ عَنْ سُفْيَانَ عَنْ أَبِي الزِّنَادِ عَنْ زُرْعَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ جَدِّهِ جَرْهَدٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَرَّ بِهِ وَقَدْ كَشَفَ فَخِذَهُ فَقَالَ: (غَطِّهَا فَإنها عورة)

الراوي: جَرْهَد المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1707 | خلاصة حكم المحدث: صحيح لغيره ـ ((الإرواء)) (1/ 298 ـ 295).

বাংলা

১৭০৭. জারহাদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার পাশ দিয়ে অতিক্রম করেন এমন অবস্থায় যে, সে সময় তার উরু উন্মুক্ত হয়েছিল, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "তুমি এটি ঢেকে রাখো। কেননা এটি আওরাত (ঢেকে রাখা আবশ্যক এমন অঙ্গ)।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৪৭৯; তাবারানী আল কাবীর: ২১৩৮; তাহাবী, শারন্থ মা'আনিল আসার: ১/৪৭৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৯৮০৮; তিরমিযী: ২৭৯৮; হুমাইদী: ৮৫৮; দারাকুতনী: ১/২২৪; আত তায়ালিসী: ১১৭৬; আবূ দাউদ: ৪০১৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৯/১১৮; হাকিম: ৪/১৮০; সহীহ আল বুখারী: ১/৪৭৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ শক্তিশালী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী



রহিমাভ্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (ইরওয়াউল গালীল: ১/২৯৫, ২৯৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জারহাদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন